



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ১৭২৬০

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/পটুয়াখালী-১৫৩/ ২৪৫২

তারিখঃ ২০/০৩/২০১৭খ্রিঃ

বিষয় : তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

- সূত্র : ১) স্মারক নং- ০৫.১০.৭৮৬৬.১০২.০৯.০০৫.১৬-১১২২; তারিখঃ ২০/১১/২০১৬খ্রিঃ  
২) নং- বামাশিবো/প্রশা/পটুয়াখালী-১৫৩/১৮৭৮; তারিখঃ ১৮/০৮/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলাধীন লালুয়া নয়াপাড়া ইসলামিয়া দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি, সদস্যবৃন্দ ও সুপারের বিরুদ্ধে নীতিমালা বহির্ভূতভাবে ম্যানেজিং কমিটি গঠন পূর্বক বোর্ড হতে অনুমোদন নেয়া হয়েছে মর্মে জমিদাতা জনাব মোঃ আঃ করিম ফকির একখানা অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

২) মাদরাসার সুপার এর বিরুদ্ধে মনগড়া কিছু লোকজন নিয়া নীতিমালা অমান্য করে ম্যানেজিং কমিটি গঠন, শিক্ষকদের মাসের পর মাস অনুপস্থিত থাকাসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে কতিপয় ছাত্র-ছাত্রীর অভিভাবকগণ একখানা অভিযোগপত্র বোর্ডে দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

৩) অভিযোগসমূহের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া, পটুয়াখালীকে পত্র দেয়া হলে উপজেলা নির্বাহী অফিসার সূত্রোক্ত ১নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদনে সুস্পষ্ট কোন মতামত প্রদান করা হয়নি।

বর্ণিত অবস্থায় অভিযোগসমূহের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক..... (.....) পাতা।

জেলা শিক্ষা অফিসার  
পটুয়াখালী।

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯৬১২৮৫৮

নং- বামাশিবো/প্রশা/পটুয়াখালী-১৫৩/

তারিখঃ /০৩/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও-প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. জেলা প্রশাসক, পটুয়াখালী।
২. উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া, পটুয়াখালী।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কলাপাড়া, পটুয়াখালী।
৪. সভাপতি/সদস্যবৃন্দ, লালুয়া নয়াপাড়া ইসলামিয়া দাখিল মাদরাসা, কলাপাড়া, পটুয়াখালী।
৫. সুপার, লালুয়া নয়াপাড়া ইসলামিয়া দাখিল মাদরাসা, কলাপাড়া, পটুয়াখালী।  
(তাকে দাতা কর্তৃক প্রদত্ত জমি কেন মাদরাসার অনুকূলে নেওয়া হচ্ছে না সে বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যা দাখিল করার জন্য অনুরোধ করা হলো)
৬. জনাব মোঃ আঃ করিম ফকির, জমিদাতা, লালুয়া নয়াপাড়া ইসলামিয়া দাখিল মাদরাসা, কলাপাড়া, পটুয়াখালী।
৭. জনাব আনছার হাং/লিটন হাং গং, কলাপাড়া, পটুয়াখালী।
৮. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯৬৭৪৮৭৪